সংবাদ

তারিখ ... 12 MAY 2005 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

# মেহেরপুরে ৩ শিক্ষককে পুলিশে দিলেন শিক্ষা প্রতিমন্ত্রী

প্রতিনিধি, মেহেরপুর

শিক্ষা প্রতিমন্ত্রী এহছানুল হক মিলন মেহেরপুর সরকারি কলেজের তিন শিক্ষককে নকলে সহায়তা করার অভিযোগে পরীক্ষার হল থেকে বহিষ্কার করে পুলিশে সোপর্দ করেছেন। তিনি গতকাল বৃহস্পতিবার এইচএসসি পরীক্ষার প্রথম দিন স্থানীয় প্রশাসনকে না জানিয়ে সড়কপথে আকস্মিকভাবে মেহেরপুর জেলার পরীক্ষা কেন্দ্রগুলো পরিদর্শনে আসেন। প্রতিমন্ত্রী মেহেরপুর সরকারি কলেজ কেন্দ্রের একটি কক্ষের পেছন থেকে জানালা দিয়ে

পুলিশে : (পৃ: ১১ ক: ৮)

## পুলিশে : শিক্ষককে

(১ম পৃষ্ঠার পর)

পরীক্ষার্থীদের নকল করতে দেখেন। তিনি ওই কক্ষে ঢুকে দায়িত্ব পালনরত পরিদর্শক শফিকুর রহমান, ইমদাদুল হক ও মাহাবুবুর রহমানকে কক্ষে না পেয়ে অন্যত্র থাকায় তাদের বহিষ্কার করে পুলিশে সোপর্দ করেন। এর আগে প্রতিমন্ত্রী গাংনী মহিলা কলেজ কেন্দ্রের বাথরুম থেকে এক পরীক্ষার্থীকে বহিষ্কার করেন। গ্রেফতারকৃতরা এখন থানা হাজতে আছে। এছাড়াও গতকাল মেহেরপুরের বিভিন্ন কেন্দ্র থেকে আরও ৪ জন শিক্ষক এবং ১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।